গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২৪৬/২০১৭-১৮

ঢাকা, মঙ্গলবার, ১৯ জুন ২০১৮, ৫ আষাঢ় ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ঈদুল ফিতরের শিক্ষা সকলের মাঝে ছড়িয়ে দিতে হবেঃ রাষ্ট্রপতি

২। দেশের গণতন্ত্র এখন সুরক্ষিত : প্রধানমন্ত্রী

৩। যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদেরকে প্রধানমন্ত্রীর ঈদ উপহার

৪। বিশ্বের সেরা ১০ গার্মেন্টস ফ্যাক্টরির সাতটিই বাংলাদেশে : সংসদে বাণিজ্যমন্ত্রী

৫। এ বছর বিদেশে গেছেন ৫৫ হাজার নারীকর্মী : সংসদে প্রবাসীকল্যাণ মন্ত্রী

৬। বজ্রপাতে মৃত্যুহার কমাতে সারাদেশে ১০ লাখ তালগাছ রোপণের উদ্যোগ নেওয়া হয়েছে সংসদে দুর্যোগমন্ত্রী

৭। এবার ঈদযাত্রা স্বস্তিদায়ক ছিল : সড়কমন্ত্রী

৮। ফিরতি পথে লঞ্চে অতিরিক্ত যাত্রী নিয়ন্ত্রণে কঠোর ব্যবস্থা : নৌমন্ত্রী

৯। ঈদে এবার মানুষের যাত্রা ছিল নির্বিঘ্ন : তথ্যমন্ত্রী

১০। দেশকে লোডশেডিং মুক্ত করতে সময় লাগবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

১১। প্রাথমিক শিক্ষার উন্নয়নে ৭০ কোটি মার্কিন ডলার ঋণ অনুমোদন বিশ্বব্যাংকের

১২। নতুন সেনাপ্রধান আজিজ আহমেদ

চলমান পাতা-২

১। ঈদুল ফিতরের শিক্ষা সকলের মাঝে ছড়িয়ে দিতে হবে : রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সমৃদ্ধ বাংলাদেশ গড়তে ঈদুল ফিতরের অন্তর্নিহিত শিক্ষা সকলের মাঝে ছড়িয়ে দেওয়ার আহ্বান জানিয়ে বলেছেন, ইসলাম শান্তি ও কল্যাণের ধর্ম। এখানে হিংসা-বিদ্বেষ, হানাহানি, কূপমণ্ডুকতার কোনো স্থান নেই। মানবিক মূল্যবোধ, পারস্পরিক সহাবস্থান, পরমত সহিষ্ণুতা ও সাম্যসহ বিশ্বজনীন কল্যাণকে ইসলাম ধারণ করে। ইসলামের এ সুমহান বার্তা ও আদর্শ সবার মাঝে ছড়িয়ে দিতে হবে। গত ১৬ জুন শনিবার সকালে বঙ্গভবনে ঈদুল ফিতর উপলক্ষে আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে ঈদ শুভেচ্ছা বিনিময়কালে রাষ্ট্রপতি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫)।

২। দেশের গণতন্ত্র এখন সুরক্ষিত : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশের গণতন্ত্র এখন সুরক্ষিত। যেকোনো দুর্যোগ মোকাবিলায় দেশ সক্ষমতা অর্জন করেছে। দেশের অর্থনীতি একটি সুদৃঢ় ভিত্তির ওপর দাঁড়িয়েছে। আমরা খাদ্য, বস্ত্র, বাসস্থান ও শিক্ষার মতো জনগণের মৌলিক অধিকারগুলো নিশ্চিত করতে সক্ষম হয়েছি। পবিত্র ঈদুল ফিতরের দিন গত ১৬ জুন শনিবার গণভবনে দলীয় নেতা-কর্মী, পেশাজীবী, বিচারক এবং বিদেশি কূটনীতিকসহ সর্বস্তরের মানুষের সঙ্গে ঈদের শুভেচ্ছা বিনিময়ের পর প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৩। যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদেরকে প্রধানমন্ত্রীর ঈদ উপহার

ঢাকায় অবস্থানরত যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য ঈদের বিশেষ উপহার ফুল, ফলমূল ও মিষ্টি পাঠিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গত ১৬ জুন শনিবার প্রধানমন্ত্রীর পক্ষ থেকে এসব উপহার শেরেবাংলা নগরের মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনে পাঠানো হয়। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **নিউ নেশন** (পৃ.৩,ক.৮)।

৪। বিশ্বের সেরা ১০ গার্মেন্টস ফ্যাক্টরির সাতটিই বাংলাদেশে : সংসদে বাণিজ্যমন্ত্রী

ইউনাইটেড স্টেটস গ্রীন বিল্ডিং কাউন্সিল (ইউএসজিবিসি) কর্তৃক প্রত্যায়িত বিশ্বের সর্বশ্রেষ্ঠ দশটি পোশাক কারখানার মধ্যে সাতটিই বাংলাদেশে অবস্থিত। এ পর্যন্ত ৬৭ কারখানাকে ইউএসজিবিসি কর্তৃক সবুজ কারখানা হিসেবে প্রত্যায়ন করা হয়েছে। আরও প্রায় ৩০০ সবুজ পোশাক কারখানা নির্মাণাধীন রয়েছে। গতকাল (১৮ জুন সোমবার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে এ তথ্য জানান বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৭), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৬)।

৫। এ বছর বিদেশে গেছেন ৫৫ হাজার নারীকর্মী : সংসদে প্রবাসীকল্যাণ মন্ত্রী

প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বলেছেন, চলতি বছর এখন পর্যন্ত ৫৫ হাজার ১৪৯ নারী কর্মী বিদেশ গেছেন। এ সময়ে বিভিন্ন সমস্যার কারণে ফেরত আসা কর্মীর সংখ্যা ৩৬৯ জন। গতকাল (১৮ জুন সোমবার) সংসদের বৈঠকে প্রশ্নোত্তর পর্বে তিনি এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.২), **ভোরের কাগজ** (পৃ.১১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৭)।

৬। বজ্রপাতে মৃত্যুহার কমাতে সারাদেশে ১০ লাখ তালগাছ রোপণের উদ্যোগ নেওয়া হয়েছে সংসদে দুর্যোগমন্ত্রী

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বলেছেন, বজ্রপাতে মৃত্যুর হার উদ্বেগজনক। ২০১৫ সালে বজ্রপাতকে দুর্যোগের তালিকাভুক্ত করা হয়। বর্তমানে বজ্রপাতে মৃত্যুর হার বেড়ে যাওয়ায় জানমালের ক্ষয়ক্ষতি হ্রাসে সারা দেশে ১০ লাখ উচুঁ তালগাছ রোপণের উদ্যোগ নেওয়া হয়েছে। গতকাল (১৮ জুন সোমবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**ইনকিলাব** (পৃ.৩,ক.৬)।

৭। এবার ঈদযাত্রা স্বস্তিদায়ক ছিল : সড়কমন্ত্রী

গত কয়েক বছরের তুলনায় এবারের ঈদযাত্রা স্বস্তিদায়ক হয়েছে বলে জানিয়ে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ঈদযাত্রা নির্বিঘ্ন করতে অনেক কষ্ট করতে হয়েছে। তারপরই ঈদযাত্রা স্বস্তিদায়ক হয়েছে। ঈদযাত্রা নির্বিঘ্ন করতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, হাইওয়ে পুলিশ, র‌্যাব সবাই সহযোগিতা করেছেন। এজন্য তাদের সবাইকে ধন্যবাদ। তিনি গতকাল (১৮ জুন সোমবার) সচিবালয়ে ঈদ শুভেচ্ছা বিনিময়কালে এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭)।

৮। ফিরতি পথে লঞ্চে অতিরিক্ত যাত্রী নিয়ন্ত্রণে কঠোর ব্যবস্থা : নৌমন্ত্রী

নৌ-পরিবহণমন্ত্রী শাজাহান খান বলেছেন, ঈদের ছুটি শেষে কর্মস্থলে ফিরতে শুরু করেছে দক্ষিণাঞ্চলের যাত্রীরা। এতে কাঁঠালবাড়ি-শিমুলিয়া নৌরুটে কাঁঠালবাড়ি ঘাটের নৌযানে অতিরিক্ত চাপ সৃষ্টি হচ্ছে। তবে লঞ্চে অতিরিক্ত যাত্রী বোঝাই নিয়ন্ত্রণে ঘাট এলাকায় ম্যাজিস্ট্রেটসহ পর্যাপ্ত আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য মোতায়েন রয়েছে। অন্য বারের চেয়ে এবার আরও বেশি কঠোর ব্যবস্থা নেওয়া হয়েছে। গতকাল (১৮ জুন সোমবার) শিবচরের কাঁঠালবাড়ি ঘাট পরিদর্শনকালে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১১,ক.১),

৯। ঈদে এবার মানুষের যাত্রা ছিল নির্বিঘ্ন : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, এবারের ঈদে মানুষ নির্বিঘ্নে বাড়ি যেতে পেরেছে। কোথাও যানজটের খবর আমরা শুনিনি। তেমন কোনো দুর্ঘটনাও ঘটেনি। এটা সরকারের অনেক বড় সফলতা। এ বছর আবহাওয়াও অনেক ভালো ছিল। তেমন ঝড়-বৃষ্টিও হয়নি। ফলে মানুষের মধ্যে স্বস্তির আমেজ ছিল। গতকাল (১৮ জুন সোমবার) সচিবালয়ে নিজ দপ্তরে উপস্থিত তথ্য মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে ঈদ শুভেচ্ছা বিনিময়শেষে এ মন্তব্য করেন তথ্যমন্ত্রী। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪), **ইনকিলাব** (পৃ.১,ক.১)।

১০। দেশকে লোডশেডিং মুক্ত করতে সময় লাগবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

বিদ্যুৎ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, এখনই দেশকে লোডশেডিং মুক্ত করা বা নিরবচ্ছিন্ন বিদ্যুৎ দেওয়া সম্ভব নয়। প্রতিমন্ত্রী বলেন, এরজন্য আরও সময় লাগবে এবং দেশবাসীকে ধৈর্য ধরতে হবে। লোডশেডিং দূর করে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য সবার আগে বিদ্যুৎ লাইন মাটির নিচে নিয়ে যেতে হবে এবং সাব স্টেশনগুলোর আপগ্রেডেশন করতে হবে। এগুলো সময়সাপেক্ষ এবং ব্যয়বহুল কাজ। অর্থের সংস্থান করে এ কাজগুলো সম্পন্ন করতে হবে। গতকাল (১৮ জুন সোমবার) সচিবালয়ে ঈদ পরবর্তী শুভেচ্ছা বিনিময়শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.৪), **ইনকিলাব** (পৃ.৮,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

১১। প্রাথমিক শিক্ষার উন্নয়নে ৭০ কোটি মার্কিন ডলার ঋণ অনুমোদন বিশ্বব্যাংকের

বাংলাদেশের প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে ৭০ কোটি মার্কিন ডলার ঋণ অনুমোদন করেছে বিশ্বব্যাংকের বোর্ড সভা। পিইডিপি-৪ কর্মসূচির মাধ্যমে প্রাক-প্রাথমিক থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের মানসম্পন্ন শিক্ষা কার্যক্রমে এ অর্থ ব্যয় করা হবে। বিশ্বব্যাংকের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এ কর্মসূচির মাধ্যমে প্রায় ১ কোটি ৮০ লাখ শিক্ষার্থী উপকৃত হবে। কর্মসূচির আওতায় তৃতীয় শ্রেণির বাংলা ও অঙ্ক শেখায় জোর দেওয়া হবে। সরকারি স্কুলগুলোতে একটি উন্নত কারিকুলাম প্রণয়ন ও পরীক্ষা পদ্ধতির মাধ্যমে পাঠ্যপুস্তক এবং সহায়ক শিক্ষা ও ডিজিটাল উপকরণ সরবরাহ করা হবে। সেইসঙ্গে প্রাথমিক পর্যায়ের আগে সকল সরকারি স্কুলে এক বছর প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রমে সহায়তা করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **সমকাল** (পৃ.১২,ক.১), **ডেইলি সান** (পৃ.১১,ক.৬)।

১২। নতুন সেনাপ্রধান আজিজ আহমেদ

বিজিবি'র সাবেক মহাপরিচালক আজিজ আহমেদ সেনাপ্রধান হিসেবে নিয়োগ পেয়েছেন। তাঁকে আগামী ২৫ জুন থেকে তিন বছরের জন্য সেনাপ্রধান পদে নিয়োগের প্রজ্ঞাপন গতকাল (১৮ জুন সোমবার) জারি করেছে প্রতিরক্ষা মন্ত্রণালয়। তিনি জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হকের স্থলাভিষিক্ত হচ্ছেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. **জনকণ্ঠ :** উন্নত বেতন ও গবেষণার আকর্ষণে বাংলাদেশের প্রতিভাবান ও মেধাবী বিজ্ঞানীরা যেন দেশের বাইরে চলে না যান সেজন্য সৃজনশীল গবেষণার কাজে জড়িতদের বেতন-ভাতা, সুযোগ-সুবিধা, প্রণোদনার বিষয়টি সরকারকে গুরুত্বের সঙ্গে বিবেচনায় নেওয়ার আহ্বান।

খ. **সংবাদ :** সৌদি আরব থেকে ফিরে আসা নির্যাতিত নারী শ্রমিকদের পাশে দাঁড়ানোসহ সৌদি আরবসহ বিদেশে কাজ করতে যাওয়া প্রতিটি নারীর নিরাপত্তা নিশ্চিত করার সুপারিশ।

গ. **সমকাল, যায়যায়দিন, ডেইলি স্টার, নিউ নেশন, ডেইলি সান :** পাহাড়ি ঢলে মৌলভীবাজার সদরসহ তিনটি উপজেলায় বন্যায় ক্ষতিগ্রস্তদের জন্য জরুরি ত্রাণসামগ্রী পাঠানোসহ বিকল্প আবাসন ও জীবিকার ব্যবস্থা করার সুপারিশ।

ঘ. **ইন্ডিপেনডেন্ট :** যাদুঘর একটি জাতির সভ্যতা ও সংস্কৃতিকে সংরক্ষণ করে বিধায় শিক্ষা ব্যবস্থায় যাদুঘরের গুরুত্বকে অন্তর্ভুক্ত করার আহ্বান।

ঙ. **নিউ এজ :** সামাজিক যোগাযোগ মাধ্যমের দ্বারা পরিচালিত অনলাইন শপিং ব্যবস্থার প্রতারণা প্রতিহত করতে সরকারকে প্রয়োজনীয় আইন ও নিয়ম-কানুন প্রণয়নের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, অবাধ, নিরপেক্ষ ও অংশগ্রহণমূলক নির্বাচন সুনিশ্চিত করতে হলে সরকার ও বিরোধীদল উভয়কে নির্বাচন সংক্রান্ত পূর্বশর্তগুলো মেনে চলতে হবে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'শিশুর মানবীয় বিকাশ ও করণীয়'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শৈশবই মানবীয় বিকাশের উত্তম সময় হওয়ায় এ সময় পিতা-মাতার ইতিবাচক মনোভাব শিশুর মধ্যে আত্মবিশ্বাসের জন্ম দেয় ।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা